

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৯৪-আইন/২০২৫/১৬/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, লিথিয়াম (Lithium) ব্যাটারি, গ্রাফিন (Graphene) ব্যাটারি স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (২) তে উল্লেখিত HS code এবং কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে, পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading (1)	H. S. Code (2)	Description (3)
25.04	2504.10.00	Graphite
25.13	2513.10.00	Pumice Stone
28.03	2803.00.00	Conductive black SP
28.06	2806.10.00	Hydrochloric Acid (HCl)
28.07	2807.00.00	Sulphuric acid
28.09	2809.20.00	Phosphoric Acid (H ₃ PO ₄)
28.11	2811.22.00	Silicon Dioxide (SiO ₂)
	2811.29.90	Fume Silica (Colloidal Silica)
28.15	2815.11.00	Sodium Hydroxide (NaOH)
28.24	2824.10.00	Lead Oxide
	2824.90.10	Red Lead
28.29	2829.11.00	Sodium chlorate
28.33	2833.11.00	Sodium Sulphate (Na ₂ SO ₄)
	2833.21.00	Magnesium Sulphate (MgSO ₄ ·7H ₂ O)
	2833.25.00	Copper sulfate
	2833.29.90	Tin sulphate
	2833.40.00	Sodium per sulphate

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
28.41	2841.61.00	Potassium Permanganate
	2841.69.00	Sodium permanganate
28.42	2842.90.90	Lithium Iron phosphate
28.43	2843.30.00	Gold (GPC)
29.33	2933.79.90	N-Methyl pyrrolidone
32.06	3206.19.20	Color Masterbatch
23.09	3209.90.90	Color paints or varnishes; conformal coating
34.02	3402.49.10	Defoaming agent
35.06	3506.91.90	Glue; Sealing Glue, Terminal Adhesive; Electrically Conductive Adhesive (ECA); Red Glue
	3506.99.00	Fixing glue; Thermal irresponsive glue; Thermal pest; Heat Sink Glue; White glue
37.01	3701.30.00	Unexposed photosensitive plate
37.02	3702.42.00	Unexposed photo Sensitive emulsion film.
	3702.98.00	Unexposed photosensitive film
37.07	3707.90.00	Photographic chemical
38.01	3801.10.00	Artificial Graphite
38.10	3810.90.90	HASL (Hot Air Soldering Liquide) Flux; Soldering Cleaner; Soldering Flux; Solder paste
38.12	3812.20.00	Plastic/ rubber additives
38.18	3814.00.90	Reducer
38.24	3824.99.99	Lithium Manganate; Electrolyte; Lithium Nickel-Cobalt-Manganate, Electroplating salts; Alkaline etchant; Tin stripper; Resist, Striper; Pumice Powder
39.03	3903.30.00	Acrylonitrile butadiene styrene (ABS) Resin
39.04	3904.69.00	PVDF (Polyvinylidene Fluoride)
39.06	3906.10.00	PMMA Resin;
39.07	3907.40.00	Polycarbonate (PC) Resin
39.12	3912.31.00	Carboxymethyl cellulose (CMC)
39.17	3917.23.10	Heat-shrinkable tube
39.19	3919.10.00	PET insulating mat; PET spacing ring (Down)
39.19	3919.10.00	Winding termination tape
39.20	3920.20.90	Separation sheet
	3920.99.90	Diaphragm

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
39.21	3921.19.90	EPE Foam; PVC Protective Plate
40.02	4002.19.00	Styrene-Butadiene Rubber (SBR)
40.16	4016.99.90	Cover Board; Thermal Pad, Stand rubber
48.11	4811.49.00	Coated Performance Tape; Coated Performance Tape (anode); Coated Performance Tape (cathode)
70.19	7019.71.10	AGM Separator
72.09	7209.25.00	Sheet metal (Thickness 3mm or more)
73.08	7308.90.99	Metal frame
73.18	7318.23.90	Rivets
73.26	7326.90.90	A Cover; B Cover; C Cover; D Cover; Steel shell
74.03	7403.19.00	Copper anode ball
74.08	7408.19.00	Copper Wire; Jumper wire
74.10	7410.11.00	Copper foil
75.06	7506.10.00	Nickel strip
76.06	7606.91.90	Aluminum strip
76.07	7607.19.10	Aluminum foil;
76.16	7616.99.00	Aluminum Basket; Aluminum Heat Sink
78.01	7801.10.00	Pure Lead
80.01	8001.20.00	Tin alloy
80.03	8003.00.00	Pure tin anode; Solder Tin Bar
81.05	8105.90.00	Calcium Alloy
81.12	8112.92.00	Antimony-cadmium alloys (Sb-Cd Alloy); Unwrought Sb-Cd Alloy
83.02	8302.50.00	Fixture; Bracket
83.11	8311.30.00	Soldering Wire
	8311.90.00	Solder lead bar
85.04	8504.31.00	Transformer
	8504.50.00	Inductor
85.06	8506.90.90	Polyethylene Terephthalate (PET) insulating mat; High temperature adhesive tape (anode); High temperature adhesive tape (cathode); Polyethylene Terephthalate (PET) spacing ring (Up); Combination Cap
85.07	8507.90.90	Positive & Negative Plate; Electrode; Graphene; Positive electrode plate (punched grid); Negative electrode plate

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
		(punched grid); Side negative electrode plate (punched grid); Separator
85.31	8531.20.00	7 segment display; Indicator Panel
85.32	8532.22.00	Aluminum Electrolytic Capacitor
	8532.23.00	Ceramic Dielectric, Single layer Capacitor
	8532.24.00	Ceramic Dielectric, Multi-layer Capacitor
	8532.29.90	Capacitor
85.33	8533.29.00	Resistor
	8533.40.00	Variable Resistors; Potentiometers
	8536.10.00	Fuse; Thermal cutoffs (thermal fuses)
85.36	8536.20.00	Automatic Circuit breakers
	8536.41.00	Relay
	8536.69.00	2 pin connector plugs; Sockets; Wire terminals/fasten terminals; Fuse Holders; Silicone plug
	8536.90.90	Connector
85.41	8541.10.00	Diode
	8541.29.00	Transistor
	8541.41.00	Light Emitting Diodes (LED)
	8541.41.00	Light Emitting Diodes (LED)
	8541.60.00	Crystal oscillator
85.42	8542.39.90	CPU chips; Integrated circuit
85.43	8543.70.90	Receiver
85.44	8544.42.00	Cable fitted with connector
85.46	8546.90.00	Insulator
90.31	9031.80.00	Sensor

শর্তাবলি

- (১) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant লিথিয়াম/ গ্রাফিন ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠান হইতে হইবে।

ব্যাখ্যা।-

- (অ) Industrial IRC holder অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

- (আ) VAT compliant প্রতিষ্ঠান অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান;
- (২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মুসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে;
- তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;
- (৩) শুধুমাত্র লিথিয়াম ব্যাটারি পণ্য উৎপাদনের শর্তাবলি:
- (i) উৎপাদনকারী প্রতিষ্ঠানের Electrode Preparation উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিবার লক্ষ্যে ন্যূনতম Feeding, Mixing, Binder Mixer, NMP Tank, Slurry Transfer System, Calendering Machine, Auto-Slitting Machine যন্ত্রপাতিসমূহ থাকিতে হইবে;
- (ii) Cell Assembly, Baking, Injection Electrolyte, Formation & Grading প্রক্রিয়া সম্পন্ন করিবার লক্ষ্যে ন্যূনতম Auto Winding & Tab Welding Machine, Automatic Assembly Line, Formation Machine, Grading Machine যন্ত্রপাতিসমূহ থাকিতে হইবে;
- (৪) শুধুমাত্র গ্রাফিন ব্যাটারি পণ্য উৎপাদনের শর্তাবলি:
- উৎপাদনকারী প্রতিষ্ঠানের গ্রাফিন ব্যাটারি Plate Preparation, Plate Formation, Electrolyte Preparation উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিবার লক্ষ্যে ন্যূনতম Cast Welding machine, Acid Preparation, Charging Machine ETP & ATP যন্ত্রপাতিসমূহ থাকিতে হইবে।
- (৫) লিথিয়াম/গ্রাফিন ব্যাটারি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের বাধ্যতামূলকভাবে Printed Circuit Board (PCB) উৎপাদন

প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে এবং তদলক্ষ্যে, নূন্যতম Drilling Machine, Routing Machine, Exposing machine, Automated Optical Inspection (AOI) machine, Fly probe testing machine, ETP এর সমন্বয়ে কমপক্ষে চার লেয়ার PCB Manufacturing Project এর যন্ত্রপাতিসমূহ নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

- (৬) লিথিয়াম/গ্রাফিন ব্যাটারি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের বাধ্যতামূলকভাবে Printed Circuit Board Accessories (PCBA) উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে এবং এলক্ষ্যে নূন্যতম Surface Mounting Technology (SMT) এর প্রয়োজনীয় যন্ত্রপাতিসমূহ নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;
- (৭) লিথিয়াম/গ্রাফিন ব্যাটারি পণ্যসমূহ উৎপাদনের লক্ষ্যে উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনে যথাযথ স্বাস্থ্য সুরক্ষা, বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে এবং সে লক্ষ্যে উৎপাদনকারীর অনুকূলে পরিবেশগত ছাড়পত্র থাকিতে হইবে;
- (৮) পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোনো স্বীকৃত Testing Lab এর সহিত চুক্তিবদ্ধ হইতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী পরিপালন করিতে হইবে এবং তদনুযায়ী প্রজ্ঞাপনে বর্ণিত উৎপাদন কার্যক্রম সম্পন্ন হইবে মর্মে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে অঙ্গিকারনামা প্রদান পূর্বক আনুষাঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন দাখিল করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন আবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব কর্তৃক নিম্নরূপ একটি কমিটি গঠিত হইবে, যথা:-

- (ক) দ্বিতীয় সচিব (কাস্টমস্ নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
- (খ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (গ) শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি;
- (ঘ) বাংলাদেশের যেকোনো পাবলিক বিশ্ববিদ্যালয় হইতে একজন যথোপযুক্ত প্রতিনিধি।

৪। অনুচ্ছেদ-৩ এর মাধ্যমে গঠিত কমিটি আবেদিত প্রতিষ্ঠান সরেজমিন যাচাইপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **পরিশিষ্ট-১** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে এবং উক্ত অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৫। লিথিয়াম/গ্রাফিন ব্যাটারি উৎপাদনকারী কর্তৃক প্রতি একক ব্যাটারি উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যিক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট-২** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন, **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৬। এই প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণ **পরিশিষ্ট-২** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক লিথিয়াম/গ্রাফিন ব্যাটারি উৎপাদন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীন যুগ্ম-কমিশনারের নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা ও সদর দপ্তরে পদস্থ সহকারী বা ডেপুটি কমিশনারের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিন পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

৭। অনুচ্ছেদ ৬ এর অধীন মূল্য সংযোজন কর কমিশনার কর্তৃক যাচাইকালে যদি তাহার নিকট প্রতীয়মান হয় যে, উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিতেছে, তাহা হইলে উহার বিরুদ্ধে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও কাস্টমস আইন, ২০২৩ এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড মূল্য সংযোজন কর অব্যাহতির সুবিধা বাতিল করিতে পারিবে।

৮। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট-১

[অনুচ্ছেদ ৪ দ্রষ্টব্য]

কারখানা পরিদর্শন প্রতিবেদন

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত -----খ্রি. তারিখ----- নামীয় লিথিয়াম/গ্রাফিন ব্যাটারি উৎপাদনকারী শিল্প কারখানা সরেজমিনে পরিদর্শন করিয়াছি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

- ১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :
- ৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :
- ৪। আয়কর সনদ নম্বর (TIN) :
- ৫। জমি ও ভবনের বিবরণ :
 - (ক) জমি ও ভবন নিজস্ব কিনা :
 - (খ) মোট জমির পরিমাণ :
 - (গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন :

(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি :

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে লিথিয়াম/গ্রাফিন ব্যাটারি উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৯৪-আইন/২০২৫/১৬/কাস্টমস, তারিখ: ২৯ মে, ২০২৫ খ্রিস্টাব্দ এর আওতায় প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য/যন্ত্রাংশ/উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নাম শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির নাম ও জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধির
ও স্বাক্ষর স্বাক্ষর নাম ও স্বাক্ষর
তারিখ: তারিখ: তারিখ:

পরিশিষ্ট-২

[অনুচ্ছেদ ৫ ও ৬ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

লিথিয়াম/গ্রাফিন ব্যাটারি তৈরির উপকরণ/কীচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রঃ নং	পণ্যের নাম ও H.S. Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কীচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কীচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কীচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট
কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/স্বত্বাধিকারীর
নাম, স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।